

■ رিয়ায়ুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৬৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ৬৫]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ৫: মুরাকাবাহ (আল্লাহর ধ্যান)

(5) – باب المراقبة

আরবী

السادس : عن أبي هريرة رضي الله عنه أنه سمع النبي صلى الله عليه وسلم يقول: "إن ثلاثة من بنى إسرائيل : أبرص ، وأقرع ، وأعمى ، أراد الله أن يبتليهم فبعث إليهم ملكاً ، فأتى الأبرص فقال: أي شيء أحب إليك؟ قال : لون حسن ، وجلد حسن ، ويدهب عنى الذي قد قدرني الناس؛ فمسحه فذهب عنه قدره وأعطي لوناً حسناً. قال: فأي المال أحب إليك؟ قال: الإبل -أو قال البقر- شك الرواي - فأعطي ناقة عشراء ، فقال: بارك الله لك فيها.

فأتى الأقرع فقال: أي شيء أحب إليك؟ قال: شعر حسن ، ويدهب عنى هذا الذي قد رني الناس ، فمسحه فذهب عنه وأعطي شعراً حسناً. قال: فأي المال أحب إليك؟ قال: البقر ، فأعطي بقرة حاملاً، وقال بارك الله لك فيها.

فأتى الأعمى فقال: أي شيء أحب إليك؟ قال: أن يرد الله إلي بصرى فأبصر الناس ، فمسحه فرد الله إليه بصره. قال: فأي المال أحب إليك؟ قال: الغنم ، فأعطي شاة والدًا. فأنتج هذان وولد هذا ، فكان لهذا واد من الإبل ، ولهذا واد من البقر ، ولهذا واد من الغنم.

ثم إنه أتى الأبرص في صورته وهيئته ، فقال له: رجل مسكين وابن سبيل قد انقطعت بي الحال في سفري ، فلا بلاغ لي اليوم إلا بالله ثم بك ، أسألك بالذي أعطيك اللون الحسن ، والجلد الحسن ، والمال ، بغيراً أتبلي به في سفري ، فقال: الحقوق كثيرة. فقال : كأني أعرفك ، ألم تكن أبرص يدرك الناس فقيراً ، فأعطيك الله؟ ! فقال : إنما ورثت هذا المال كابراً عن كابر ، فقال: إن كنت كاذباً فصيرك الله إلى ما كنت.

وأَتَى الْأَقْرَعُ، فَقَالَ لَهُ مِثْلُ مَا قَالَ لَهُ، وَرَدَ عَلَيْهِ مِثْلُ مَا رَدَ هَذَا، فَقَالَ إِنْ كُنْتَ كَاذِبًا فَصَبِّرْكَ اللَّهَ إِلَى مَا كُنْتَ .

وأَتَى الْأَعْمَى فِي صُورَتِهِ وَهِيَئَتِهِ، فَقَالَ: رَجُلٌ مُسْكِينٌ وَابْنٌ سَبِيلٌ أَنْقَطَعَتْ بِي الْحِبَالُ فِي سَفَرِيِّ، فَلَا بَلَاغٌ لِي إِلَيْهِ الْيَوْمُ إِلَّا بِاللَّهِ ثُمَّ بِكَ، أَسْأَلُكَ بِالَّذِي رَدَ عَلَيْكَ بِصَرْكَ شَاهَ أَتَبْلُغُ بِهَا فِي سَفَرِيِّ؟ فَقَالَ: قَدْ كُنْتَ أَعْمَى فَرِدًا اللَّهُ بَصَرِيِّ، فَخُذْ مَا شَئْتَ وَدُعْ مَا شَئْتَ، فَوَاللَّهِ مَا أَجْهَدُكَ الْيَوْمَ بِشَيْءٍ أَخْذَتْهُ لِلَّهِ عَزَّ وَجَلَّ فَقَالَ: أَمْسِكْ عَلَيْكَ مَالِكَ فَإِنَّمَا أَبْتَلَيْتَمِّ، فَقَدْ رَضِيَ اللَّهُ عَنْكَ، وَسُخْطَ عَلَى صَاحِبِكَ" (مُتَفَقُ عَلَيْهِ) .

বাংলা

৬/৬৬। আবু হুরাইরাহ রাদিয়াল্লাহু 'আনহু থেকে বর্ণিত, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছেন যে, 'বানী ইস্রাইলের মধ্যে তিন ব্যক্তি ছিল। একজন ধ্বল-কুষ্ঠ রোগাক্রান্ত, দ্বিতীয়জন টেকো এবং তৃতীয়জন অন্ধ ছিল। আল্লাহ তা'আলা তাদেরকে পরীক্ষা করার ইচ্ছা করলেন। ফলে তিনি তাদের কাছে একজন ফিরিশ্তা পাঠালেন। ফিরিশতা (প্রথমে) ধ্বল-কুষ্ঠ রোগীর কাছে এসে বললেন, 'তোমার নিকট প্রিয়মত বস্ত কি?' সে বলল, 'সুন্দর রং ও সুন্দর ত্বক। আর আমার নিকট থেকে এই রোগ দূরীভূত হোক---যার জন্য মানুষ আমাকে ঘৃণা করছে।' অতঃপর তিনি তার দেহে হাত ফিরালেন, যার ফলে (আল্লাহর আদেশে) তার ঘৃণিত রোগ দূর হয়ে গেল এবং তাকে সুন্দর রং দেওয়া হল। অতঃপর তিনি বললেন, 'তোমার নিকট প্রিয়তম ধন কী?' সে বলল, 'উট অথবা গাভী।' (এটি বর্ণনাকারীর সন্দেহ।) সুতরাং তাকে দশ মাসের গাভিন একটি উটনী দেওয়া হল। তারপর তিনি বললেন, 'আল্লাহ তোমাকে এতে বরকত (প্রাচুর্য) দান করুন।'

অতঃপর তিনি টেকোর কাছে এসে বললেন, 'তোমার নিকট প্রিয়তম জিনিস কী?' সে বলল, 'সুন্দর কেশ এবং এই রোগ দূরীভূত হওয়া---যার জন্য মানুষ আমাকে ঘৃণা করছে।' অতঃপর তিনি তার মাথায় হাত ফিরালেন, যার ফলে তার (সেই রোগ) দূর হয়ে গেল এবং তাকে সুন্দর কেশ দান করা হল। (অতঃপর) তিনি বললেন, 'তোমার নিকট সবচেয়ে পছন্দনীয় ধন কোনটি?' সে বলল, 'গাভী।' সুতরাং তাকে একটি গাভিন গাই দেওয়া হল এবং তিনি বললেন, 'আল্লাহ এতে তোমার জন্য বরকত দান করুন।'

অতঃপর তিনি অন্ধের কাছে এলেন এবং বললেন, 'তোমার নিকটে প্রিয়তম বস্ত কী?' সে বলল, 'এই যে, আল্লাহ তা'আলা যেন আমার দৃষ্টি ফিরিয়ে দেন যার দ্বারা আমি লোকেদেরকে দেখতে পাই।' সুতরাং তিনি তার চোখে হাত ফিরালেন। ফলে আল্লাহ তাকে তার দৃষ্টি ফিরিয়ে দিলেন। ফিরিশ্তা বললেন, 'তুমি কোন ধন সবচেয়ে পছন্দ কর?' সে বলল, 'ছাগল।' সুতরাং তাকে একটি গাভিন ছাগল দেওয়া হল।

অতঃপর ঐ দু'জনের (কুষ্ঠরোগী ও টেকোর) পশু (উটনী ও গাভীর) পাল বৃদ্ধি পেতে লাগল এবং এই অন্ধেরও ছাগলটিও বাচ্চা প্রসব করল। ফলে এর এক উপত্যকা ভরতি উট, এর এক উপত্যকা ভরতি গরু এবং এর এক

উপত্যকা ভরতি ছাগল হয়ে গেল।

পুনরায় ফিরিণ্ডা (পরীক্ষার উদ্দেশ্যে তাঁর পূর্বের চেহারা ও আকৃতিতে) কুষ্ঠরোগীর কাছে এলেন এবং বললেন, 'আমি মিসকীন মানুষ, সফরে আমার সকল পাথের শেষ হয়ে গেছে। ফলে সবদেশে পৌঁছনোর জন্য আল্লাহ অতঃপর তোমার সাহায্য ছাড়া আজ আমার কোন উপায় নেই। সেজন্য আমি ঐ সত্তার নামে তোমার কাছে একটি উট চাচ্ছি, যিনি তোমাকে সুন্দর রং ও সুন্দর ত্বক দান করেছেন; যার দ্বারা আমি আমার এই সফরের গন্তব্যস্থলে পৌঁছে যাই।' সে উত্তর দিল যে, '(আমার দায়িত্বে আগে থেকেই) বহু অধিকার ও দাবি রয়েছে।'

(এ কথা শুনে) ফিরিণ্ডা বললেন, 'তোমাকে আমার চেনা মনে হচ্ছে। তুমি কি কুষ্ঠরোগী ছিলে না, লোকেরা তোমাকে ঘৃণা করত? তুমি কি দরিদ্র ছিলে না, আল্লাহ তা'আলা তোমাকে ধন প্রদান করেছেন?' সে বলল, 'এ ধন তো আমি পিতা ও পিতামহ থেকে উত্তরাধিকার সূত্রে পেয়েছি।' ফিরিণ্ডা বললেন, 'যদি তুমি মিথ্যাবাদী হও, তাহলে আল্লাহ তোমাকে পূর্বাবস্থায় ফিরিয়ে দিন।'

অতঃপর তিনি তার পূর্বেকার আকার ও আকৃতিতে টেকোর কাছে এলেন এবং তাকেও সে কথা বললেন, যে কথা কুষ্ঠরোগীকে বলেছিলেন। আর টেকোও সেই জবাব দিল, যে জবাব কুষ্ঠরোগী দিয়েছিল। সে জন্য ফিরিণ্ডা তাকেও বললেন যে, 'যদি তুমি মিথ্যাবাদী হও, তাহলে আল্লাহ তোমাকে পূর্বাবস্থায় ফিরিয়ে দিন।'

পুনরায় তিনি তাঁর পূর্বেকার আকার ও আকৃতিতে অন্ধের নিকট এসে বললেন যে, আমি একজন মিসকীন ও মুসাফির মানুষ, সফরের যাবতীয় পাথের শেষ হয়ে গেছে। ফলে সবদেশে পৌঁছার জন্য আল্লাহ অতঃপর তোমার সাহায্য ছাড়া আজ আমার আর কোন উপায় নেই। সুতরাং আমি তোমার নিকট সেই সত্তার নামে একটি ছাগল চাচ্ছি, যিনি তোমার দৃষ্টি ফিরিয়ে দিয়েছেন; যার দ্বারা আমি আমার এই সফরের গন্তব্যস্থলে পৌঁছে যাই।' সে বলল, 'নিঃসন্দেহে আমি অঙ্গ ছিলাম। অতঃপর আল্লাহ আমাকে দৃষ্টি ফিরিয়ে দিলেন। (আর এই ছাগলও তাঁরই দান।) অতএব তুমি ছাগলের পাল থেকে যা ইচ্ছা নাও ও যা ইচ্ছা ছেড়ে দাও। আল্লাহর কসম! আজ তুমি আল্লাহ আয্যা অজাল্লার জন্য যা নেবে, সে ব্যাপারে আমি তোমাকে কোন কষ্ট বা বাধা দেব না।'

এ কথা শুনে ফিরিণ্ডা বললেন, 'তুমি তোমার মাল তোমার কাছে রাখ। নিঃসন্দেহে তোমাদেরকে পরীক্ষা করা হল (যাতে তুমি কৃতকার্য হলে)। ফলে আল্লাহ তা'আলা তোমার প্রতি সন্তুষ্ট এবং তোমার সঙ্গীবয়ের প্রতি অসন্তুষ্ট হলেন।'[1]

English

(5) Chapter: Watchfulness

Abu Hurairah (May Allah be pleased with him) said that:

He heard the Prophet (ﷺ) said: "There were three men among the Banu Israel, one leper, one bald and one blind. Allah wanted to test them. He therefore, sent to them an angel who came to the leper and asked him what he would like best. He replied: "A good colour, a good skin and to be rid of

what makes me loathsome to people". He (the angel) rubbed him and his loathsomeness vanished and he was given a good colour and a good skin. He then asked him what type of property he would like best. The leper replied that he would like camels - [or perhaps he said cattle, for Ishaq (one of the subnarrator of the Hadith) was uncertain, either said: 'Camels,' or: 'Cattle']. He was given a pregnant she-camel. The angel invoked for Allah's Blessing on it. The angel then went to the bald man and asked him what he would like best and he replied: "Good hair and to be rid of what makes me loathsome to people". The angel ran his hand over him and he was given good hair. He then asked him what property he would like best. He replied that he would like cattle, so he was given a pregnant cow. The angel invoked Allah's Blessing on it. The angel then went to the blind man and asked him what he would like best, and he replied: "I wish that Allah restore my sight to me so that I may see people." Thereupon the angel ran his hand over him and Allah restored his sight. The angel then asked what property he would like best. He replied that he would like sheep, so he was given a pregnant ewe. Flocks and herds were produced for the three men, the first having a valley full of camels, the second one, a valley full of cows and the third one full of sheep. Then the angel came in the form of a leper, to the one who had been a leper, and said: "I am a poor man and my resources have been exhausted in my journey, and my only means of reaching my destination are dependent on Allah and then on you, so I ask you by Him Who gave you the good colour, the good skin and the property, for a camel by which I may get to my destination". He replied: "I have many dues to pay." The angel then said: "I think I recognize you. Were you not a leper whom people found loathsome and a poor man to whom Allah gave property?" He replied: "I inherited this property through generations". The angel said: "If you are telling a lie, may Allah return you to your former condition". The angel went in the form of a bald man to the one who had been bald, and said the same as he had said to the former and received a similar reply. So he said: "If you are telling a lie, may Allah return you to your former condition". The angel then went to the one who had been blind and said: "I am a poor traveller and my resources have been exhausted in my journey. My only means of reaching my destination are dependant on Allah and then on you, so I ask you by Him Who restored your eyesight for a sheep by which I may get to the end of my journey". He replied: "Yes, I was blind. Allah restored my eyesight, so take what you wish and leave what you wish. I swear by Allah that I shall not argue with you today to return anything you take, as I give it for Allah's sake". The angel said: "Keep your property. You have all simply been put to a test, and Allah is pleased with you and displeased with both of your companions".

[Al-Bukhari and Muslim].

ফুটনোট

[1] সহীহুল বুখারী ৩৪৬৪, মুসলিম ২৯৬৪

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁঁজিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=22369>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন